

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১. সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫।

স্মারক নং-৩৭.২০.০০০০.০০১/০১৮.০২৩.২০১৪-২৮৮৮

তারিখ: ২২ অগ্রহায়ণ, ১৪২২
০৬ ডিসেম্বর, ২০১৫

নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়াদিনি বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর নিম্নবর্ণিত শূন্য পদে (রাজস্বখাত) অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও বেতনক্রম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যেসব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০১।	স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর ৫৯০০-১৩১২৫/-	০১ (এক) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত বা অর্থনীতিতে অন্যান্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।	শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
০২।	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৪৭০০-৯৭৪৫/-	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটারের ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথাঃ- (ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ ; এবং (খ) ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।	চট্টগ্রাম, দিনাজপুর, নওগাঁ, কুড়িগ্রাম ও সুনামগঞ্জ জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
০৩।	স্টোরকীপার টাঃ ৪৭০০-৯৭৪৫/-	১টি	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে।	
০৪।	অফিস সহায়ক টাঃ ৪১০০-৭৭৪০/-	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সিলেট ও বগুড়া জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
০৫।	মালী টাঃ ৪১০০-৭৭৪০/-	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সূচাম স্বাভাবিক অধিকারী হতে হবে।	

ক) শর্ত সমূহঃ

- আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, পদের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ করতে হবে।
 - আবেদনকারীকে খামের উপর পদের নাম, নিজ জেলা উল্লেখপূর্বক পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), শিক্ষা মন্ত্রণালয়, ১ সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫ বরাবরে আগামী ৩১/১২/২০১৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে আবেদন পৌছাতে হবে। আবেদনকারী যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে আছেন সেই ঠিকানা স্পষ্টাক্ষরে লিপিবদ্ধসহ ৯.৫' X ৪.৫' আকারের একটি খামে ১০ (দশ) টাকা মূল্যের ডাকটিকিটসহ আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।
 - ৩১/১২/২০১৫ তারিখে আবেদনকারীর বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের বয়স উক্ত তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে।
 - প্রার্থীকে পরীক্ষার ক্ষি বাবদ পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর অনুকূলে ১-২৫৭৯-০০০০-২০৩১ কোড নম্বরে ০১ থেকে ০৩ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ০৪ ও ০৫ নং পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা জমাপূর্বক ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। কোন প্রকার পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য হবে না।
 - সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অধিম কপি গ্রহণযোগ্য নয়।
 - কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
 - অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ কিংবা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
 - লিখিত, মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় হাজির হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
 - সাক্ষাৎকার গ্রহণের সময় সকল সনদপত্রের মূলকপি দেখাতে হবে।
 - আবেদনপত্র গ্রহণ ও বাতিল এবং পদসংখ্যা বাড়ানো কিংবা কমানোর বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- খ) আবেদনপত্রের সাথে যে সমস্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ
- প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্পত্তি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি।
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র।
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
 - ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলার কর্তৃক প্রদত্ত জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্র।
 - মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছায়াছবি।
 - আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তান (নাভী-নাতনী) হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাভী-নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের কপি এবং আবেদনকারীর দাদা/দাদী/নানা/নানী মুক্তিযোদ্ধা সনদের কপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।
 - আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনকারী যে মহিলা মুক্তিযোদ্ধার সন্তান এ মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

৩/১২/২০১৫

(মোঃ শামসুল আলম)
চীফ, পরিসংখ্যান বিভাগ
এবং
সদস্য-সচিব

বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি, ব্যানবেইস
ফোন নং- ৫৮৬১১০১৫।